বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

দৈনিক বাংলা

16

তারিখ 16 AUG 1989
পৃষ্ঠা ২ কলাম ৪

# প্রধান ফটকে তালা : চট্টগ্রাম ভার্সিটিতে কাল ক্লাস হয়নি

(নিজস্ব প্রতিনিধি)

চট্টগ্রাম, ১৫ই আগস্ট।—শিবিরের ছাত্ররা চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটকে তালা ঝুলিয়ে

(শেষ পৃঃ ৬-এর কঃ পর)

## ক্লাস হয়নি

(১-এর পৃঃ পর)

দেয়ায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অফিস আজ স্থগিত হয়ে যায়। শিবিরের ছাত্ররা তাদের ৭-দফা দাবী আদায়ের লক্ষ্যে এ পদক্ষেপ নেয়।

টেলিফোনে যোগাযোগ করা হলে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের একজন মুখপাত্র শিবিরের ৭-দফা দাবী সম্পর্কে বিস্তারিত কিছু জানাতে ব্যর্থ হন। মুখপাত্রের মতে শিবির তাদের ৭-দফা দাবী সম্পর্কে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নিকট লিখিতভাবে কোন কিছুই প্রদান করেনি।

উল্লেখ্য, আজ বিশ্ববিদ্যালয়ের এমএ, এম এসসি ও এমকম প্রিলিমিনারী ক্লাসে ভর্তির তারিখ ছিল।

মুখপাত্র জানান, আজ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের নিয়মিত ক্লাসও হয়নি। কারণ, চট্টগ্রাম শহর থেকে শিক্ষকদের বিশ্ববিদ্যালয়ে আনা নেয়ার কাজে নিয়োজিত যানবাহন প্রধান প্রবেশদ্বার তালাবদ্ধ থাকায় আজ চট্টগ্রাম শহরে যেতে পারেনি।

এছাড়াও তালাবন্ধের কারণে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের বাইরে বসবাসকারী শিক্ষকরাও বিশ্ববিদ্যালয়ে যেত পারেননি।